

## যঙ্গিফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭২০

১/ বিবিধ

আরবী

إِنْ مِنْ الْقَرْفِ الْتَّلْفُ

ضعف

أخرجه أبو داود (2 / 159) وأحمد (3 / 451) من طريق يحيى بن عبد الله بن بحير  
قال: أخبرني من سمع فروة بن مسيك قال: قلت: يا رسول الله!  
أرض عندنا يقال لها: أرض أبين، هي أرض ريفنا وميرتنا، وإنها وبئه، أو قال: وباؤها  
شديد؟ فقال النبي صلى الله عليه وسلم: دعها عنك، فإن من القرف التلف". قلت:  
وهذا سند ضعيف، لجهالة من سمعه من فروة

বাংলা

১৭২০। মহামারী-রোগের নিকটবর্তী হওয়া ধ্বংসের শামিল।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে আবু দাউদ (2/159) ও আহমাদ (3/451) ইয়াহইয়া ইবনু আব্দুল্লাহ ইবনু বাহীর সূত্রে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমাকে সেই ব্যক্তি সংবাদ দিয়েছেন যিনি ফরওয়া ইবনু মুসাইক হতে শ্রবণ করেছেন, তিনি বলেনঃ হে আল্লাহর রসূল! আমাদের এক যমীন আছে যাকে আরযু আবইয়ান বলা হয়। সেটি আমাদের উর্বর ফসলী এবং আমাদের খাদ্য ভূমি। তবে সেটি খুব বেশী মহামারী আক্রান্ত ভূমি, অথবা তিনি বলেনঃ তার বিপদাপদ কঠিন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ভূমি তোমার থেকে সেটিকে ছেড়ে দাও। কারণ মহামার রোগের নিকটবর্তী হওয়া ধ্বংসের শামিল।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। ফরওয়া হতে শ্রবণকারী ব্যক্তি অপরিচিত হওয়ার কারণে।

হাদিসের মান: যঙ্গেফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72603>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন